# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 22 June, 2025

## সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদাকে রাজধানীর উত্তরার একটি বাসা থেকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছে স্থানীয় জনতা।

রোববার (২২ জুন) সন্ধ্যায় উত্তরা ৫ নম্বর সেক্টরের ১/এ রোডের ২৯ নম্বর বাড়ি থেকে তাঁকে আটক করা হয়।

উত্তরা পশ্চিম থানার অফিসার ইনচার্জ (ওসি) হাফিজুর রহমান বিষয়টি নিশ্চিত করে বলেন, “সাবেক সিইসি কে এম নুরুল হুদাকে আটক করে আমাদের কাছে সোপর্দ করেছে স্থানীয় জনতা।বর্তমানে তিনি পুলিশ হেফাজতে আছেন।তবে ঠিক কী কারণে স্থানীয় জনতা তাকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করেছে, সে বিষয়ে বিস্তারিত কিছু জানাননি ওসি।

## এ ঘটনায় উত্তরা এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।পুলিশ বলছে, বিস্তারিত খতিয়ে দেখা হচ্ছে এবং পরবর্তীতে আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

সিইসি সাবেক প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:56

URL: https://timestodaybd.com/public/national/3554775807